



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৬.১২.২০১৮ খ্রি:

### মহান বিজয় দিবসে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বর্ণাত্য বিজয় র্যালি

৪৮ তম মহান বিজয় দিবসের প্রাক্কালে বরিশাল বিশ্ববিদ্যালয়ে এক বর্ণাত্য বিজয় র্যালি অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের পরিবার বর্ণাত্য এ বিজয় র্যালিতে অংশ নেয়। সকাল ৯ ঘটিকায় শুরু হওয়া র্যালিটি প্রশাসনিক ভবন-২ এর সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয়ের মূল ফটকে এসে শেষ হয়। বিজয় র্যালিতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভিন্ন অনুষদের সম্মানিত ডিন, রেজিস্ট্রার, প্রেস্টে, প্রভোস্টবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমণ্ডলী, কর্মকর্তাবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ, পরিচালকগণ, দপ্তর প্রধানগণ, ২৪ টি বিভাগ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, কর্মচারীবৃন্দ, বিএনসিসির সেনা ও নৌ শাখা, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন বিভিন্ন ব্যানার, প্লেকার্ড ও ফেস্টুন নিয়ে অংশগ্রহণ করে। র্যালি শেষে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে অস্থায়ীভাবে স্থাপিত স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহীদদের প্রতি বিন্মুগ্ধা জ্ঞাপন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর নেতৃত্বে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার। এরপর পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয়, অফিসার্স এসোসিয়েশন, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ বিভাগ, ২৪টি বিভাগ, ৩টি হল, ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদ, বিইউডিএস, ৭১'র চেতনা, বিভাগ নাট্যদল, বিভাগ ছাত্রলীগসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। পুষ্পস্তবক অর্পণ শেষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ফ্লাগস্টান্ডে বিএনসিসির সেনা ও নৌ ক্যাডেট কর্তৃক গার্ড অব অনার গ্রহণ করেন উপাচার্য মহোদয়। সকাল ১১ ঘটিকায় উপাচার্য মহোদয়ের নতুন অফিস কাম বাসভবনের নিচ তলায় ফিতা কেটে বরিশাল বিশ্ববিদ্যালয় “শিশু দিবায়ত্ত কেন্দ্র-২” এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মীনী জনাব মন্তি ইমাম হক। এটি মূলত একটি প্রাক-প্রাথমিক শিক্ষায়তন। এখানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা স্বেচ্ছাসেবক হিসেবে শিশুদেরকে গল্পবলা, কবিতা আবৃতি, সঙ্গীত চর্চা, অক্ষন ও বর্ণমালা পরিচিতির বিষয়ে প্রাক-প্রাথমিক শিক্ষা দেবেন। এর পরিচালনায় থাকবেন গনিত বিভাগের চেয়ারম্যান হেনো রানী বিশ্বসের নেতৃত্বে একটি কমিটি। জানুয়ারি ২০১৯ থেকে এ কেন্দ্রটি পুরোপুরি চালু হবে। অনুষ্ঠানে উপস্থিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা মাননীয় উপাচার্য মহোদয়ের এ ধরনের মহত্তী উদ্যোগের ভূয়সি প্রশংসা করেন। এদিকে বিজয় দিবস ২০১৮ উপলক্ষ্যে বিকেলে বিশ্ববিদ্যালয়ের মুক্তমন্ডপ সংলগ্ন কেন্দ্রীয় খেলার মাঠে এক বৈকালীক চা চক্রের আয়োজন করা হয়। উক্ত চা চক্রে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিভিকেট সদস্য, শিক্ষকমণ্ডলী, কর্মকর্তাবৃন্দ এবং আমন্ত্রিত অতিথিবৃন্দরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০১৮

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস